

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ময়মনসিংহের ৪ টি হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারকে ৬ লক্ষ ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং।

পরিবেশ দূষণবিরোধী অভিযান, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে গত ২৫/০৮/২০২০ তারিখ পরিবেশ অধিদপ্তর, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী কর্তৃক শুনানী গ্রহণ করা হয়। শুনানী অস্ত্রে তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) নির্মাণ ব্যতিত পরিবেশগত ছাড়পত্র গ্রহণ না করে হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার স্থাপন ও পরিচালনা করে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধনের অপরাধে (১) প্রান্ত স্পেসালাইজ হাসপাতাল, ৬৭ নং চরপাড়া, ময়মনসিংহ-কে ২ লক্ষ টাকা; (২) ডেল্টা হেলথ কেয়ার ময়মনসিংহ লিঃ, (ডেল্টা হেলথ কেয়ার) ৫৫/০৪ নং চরপাড়া, ময়মনসিংহ-কে ২ লক্ষ টাকা; (৩) ডক্টর ডায়াগনস্টিক সেন্টার ১৮২/ মেডিকেল কলেজ গেইট, ময়মনসিংহ-কে ২ লক্ষ টাকা এবং (৪) ইউনিয়ন স্পেসালাইজ হাসপাতাল, ৩০৭ নং চরপাড়া, ময়মনসিংহ-কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর শুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

তারিখ : ২৬/০৮/২০২০ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(মোঃ সামসুজ্জামান সরকার)
সহকারী পরিচালক
পক্ষে
পরিচালক (মনিঃ ও এনফোঃ)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

